# তালা উপজেলা পরিষদের জুলাই / ২০২১ মাসের মাসিক সভার কার্যাবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ঘোষ সনৎ কুমার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>তালা, সাতক্ষীরা |
| সভার তারিখ : | | ২৭/০৭/২০২১ |
| সভার সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | নিজ নিজ কার্যালয় হতে Zoom Cloud Meeting App এর মাধ্যমে |

সভার শুরুতে উপজেলা চেয়ারম্যান সভায় সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানান এবং উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সহযোগিতা কামনা করেন। অতঃপর উপজেলা পরিষদের সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিধি মোতাবেক Zoom Cloud Meeting App এর মাধ্যমে সভার কাজ শুরু করেন।

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ :

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়:

০২। বিভাগীয় আলোচনা :

(ক) উপজেলা প্রকৌশল বিভাগ :

আলোচনাকালে উপজেলা প্রকৌশলী বলেন যে, ২০২০-২১ অর্থবছরের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। ২০২১-২২ অর্থবছরে এখনো এডিপি-র বরাদ্দ পাওয়া যায়নি। তিনি দ্রুত অফিস স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

(খ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তিনি খেশরা ইউনিয়নের ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। তার অফিসের মাধ্যমে যাচিত  প্রশিক্ষণ সুন্দরভাবে শেষ হয়েছে। ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক। এ ছাড়া তার বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে।

(গ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, আজ হতে মাতৃত্বভাতা প্রদান শুরু হয়েছে। তিনি ধানদিয়া ইউনিয়নের ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। আগামী ৭ ও ১৫ আগস্ট উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান পালন করা হবে। এ ছাড়া তার বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে।

(ঘ) উপজেলা সমাজসেবা বিভাগ:

আলোচনা:  উপজেলা সমাজসেবা কর্মকর্তা সকলকে ধন্যবাদ জানিয়ে জানান যে, বর্তমানে করোনার কারণে তার বিভাগের ঋণ প্রদান কার্যক্রম বন্ধ রয়েছে এবং কিছু ট্রেনিং বাকী রয়েছে। সময় স্বাভাবিক হলে এগুলো যথারীতি চলবে। তা ছাড়া রোগি কল্যাণ সমিতির অনুকূলে ১,৭৫,০০০/- টাকা জমা আছে। ৪টি এতিমখানার অনুকূলে গ্রান্ড অনুদান পাওয়া গেছে। তার বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।

(ঙ) উপজেলা মৎস বিভাগ:

আলোচনা : উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা বলেন যে,  সরকারি রাস্তার পাশে ঘের করার কারণে সরকারি রাস্তা ক্ষতিগ্রস্থ হচ্ছে। এ সংক্রান্ত তালিকা দাখিল করা হয়েছে।  যে সকল ঘেরের মালিকদের ইতোপূর্বে সতর্ক করা হয়েছে, কিন্তু আদেশ অমান্য করেছে, তাদের বিরুদ্ধে  বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

(চ) আমার বাড়ি আমার খামার বিভাগ :

ম্যানেজার, আমার বাড়ি আমার খামার বিভাগ সভায় জানান, তার বিভাগের যাবতীয় ঋণ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। বিল্ডিং নির্মাণ কাজ তদারকি কমিটির মাধ্যমে চলমান। তার বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।

০৩। চেয়ারম্যান, জালালপুর, সরুলিয়া, খলিষখালী এবং ধানদিয়া ইউনিয়ন পরিষদ বলেন যে, করোনাকালীণ মৎস্য বিভাগ কর্তৃক একটা তালিকা করা হয়েছে। তালিকাটি যাচাই বাছাই করে প্রকৃত ক্ষতিগ্রস্তরা যাতে প্রণোদনা পায় তারা সভাকে অনুরোধ করেন।

০৪। (ক) বিষয় : ইউডিএফ এর জন্য বরাদ্দকৃত অফিসকক্ষ সংস্কারের জন্য সংশোধিত প্রাক্কলন অনুমোদন এবং প্রকল্পের নাম সংশোধন

আলোচনা : উপজেলা প্রকৌশলী বলেন যে, এ উপজেলায় কর্মরত ইউডিএফ এর বসার জন্য বরাদ্দকৃত অফিসকক্ষটি সংস্কার করার জন্য গত জানুয়ারি/২১ মাসের সাধারণ সভায় "ইউডিএফ এর জন্য বরাদ্দকৃত অফিসকক্ষ সংস্কার এবং উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তার অফিসের টয়লেট নির্মাণ'' প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পে ইউডিএফ এর অফিসকক্ষ সংস্কার বাবদ ৫০,০০০/- টাকা এবং উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তার অফিসের টয়লেট নির্মাণের ১,৫০,০০০/- সর্বমোট ২,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়। কিন্তু ইউডিএফ এর জন্য বরাদ্দকৃত অফিসকক্ষ সংস্কারের ব্যয় বৃদ্ধি পাওয়ায় উল্লিখিত প্রকল্পটি সংশোধনপূর্বক **"ইউডিএফ এর জন্য বরাদ্দকৃত অফিসকক্ষ সংস্কার''** প্রকল্পটি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমান প্রাক্কলন মূল্য ১,০১,৪৩০/- টাকা। এ বিষয়ে সভায় আলোচনান্তে প্রাক্কলনটি সর্বসম্মতভাবে অনুমোদন করা হয় এবং উক্ত প্রাক্কলন মোতাবেক নিম্নলিখিত গঠিত কমিটির মাধ্যমে উক্ত প্রকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটি

| | |
|---|---|
| (০১) চেয়ারম্যান, ইসলামকাটি ইউনিয়ন পরিষদ | সভাপতি |
| (০২) উপজেলা একাডেমিক সুপারভাইজার, তালা | সদস্য |
| (০৩) উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(ইউডিএফ) তালা | সদস্য |
| (০৪) জনাব রফিকুল ইসলাম, সার্ভেয়ার, এলজিইডি | সদস্য |
| (০৫) জনাব মনিরুজ্জামান, হিসাব সহকারী, ইউএনও অফিস | সদস্য |

সিদ্ধান্ত : গঠিত কমিটিকে বিধি মোতাবেক প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়।

(খ) বিষয় : উপজেলা ক্যাম্পাসে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসারদের অস্ত্র রাখার জন্য ২টি স্টীলের আলমিরা ক্রয়ের বিল প্রদান

আলোচনা : জনাব মোঃ মনিরুজ্জামান, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তালা, সাতক্ষীরা সভায় বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসার সন্নিকটে নির্মিত আনসার ক্যাম্পের দায়িত্বরত আনসারদের আগ্নেয়াস্ত্র ও অন্যান্য জিনিসপত্র রাখার জন্য ২টি স্টীলের আলমিরা ক্রয় করা হয়েছে। উক্ত আলমিরা ক্রয় বাবদ ২৫,০০০/- টাকা বিল পাওয়ার জন্য তিনি সভায় বিল ভাউচার দাখিল করেন। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বিলটি যথাযথ হওয়ায় পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার, তালাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা

(গ) বিষয় : উপজেলা পরিষদ পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ বিল প্রদান

আলোচনা : জনাব মোঃ মনিরুজ্জামান, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তালা, সাতক্ষীরা সভায় জানান যে, কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক তালা উপজেলা পরিষদের অভ্যন্তরে ঝোপ-ঝাড়/ বন-জঙ্গল পরিস্কার করা হয়েছে। পরিস্কার করতে লেবার খরচ বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় হয়েছে। তিনি সভায় বিল ভাউচার দাখিল করেন। বিষয়ে আলোচনান্তে দাখিলকৃত বিল ভাউচার যথার্থ হওয়ায় অনুমোদনপূর্বক বিলটি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবতী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়ন : উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা

(ঘ) বিষয় : বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন

আলোচনা : সভায় উপজেলা চেয়ারম্যান বলেন, ইতোপূর্বে গঠিত কমিটি কর্তৃক পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় উপস্থিত সকলের অবগতির জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করেন। বিষয়ে আলোচনান্তে সকলের ঐক্যমতের ভিত্তিতে তালা উপজেলার ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা অনুমোদনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, তালা।

০৫। সভায় উপজেলা নির্বাহী অফিসার তার বক্তব্যে বলেন যে, এ উপজেলায় বিরাজমান সমস্যাগুলি যাচাই করে অগ্রাধিকারভিত্তিতে তিনি সাধ্যের মধ্যে সমাধান করার আপ্রাণ চেষ্টা করবেন। এছাড়া তিনি সভায় স্বচ্ছতা নিশ্চিতকল্পে জন্ম নিবন্ধন সংক্রান্ত প্রতিটি কাজের ফি-র তালিকা প্রকাশ্য স্থানে টাঙিয়ে রাখার জন্য উদ্যোক্তাদেরকে অনুরোধ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, করোনাভাইরাসের কারণে জনসাধারণের মাঝে ত্রাণ বিতরণ চলছে। ট্যাগ অফিসার এবং ইউ পি সচিবগন যথাযথভাবে তদারকি করছেন। প্রকৃত ক্ষতিগ্রস্থ ব্যক্তি যাতে সহায়তা পান, সেটি নিশ্চিত করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। পুরাতন উপজেলা পরিষদ ভবন ভেঙ্গে নূতন ভবন নির্মাণের লক্ষে অচিরেই অফিস পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরো বলেন যে, ভার্চুয়াল সভায় অনেক কর্মকর্তাকে তাঁদের আইডিতে নাম পদবী ব্যবহার না করার কারণে চিহ্নিত করা কঠিন। সে কারণে আগামী জুম সভাতে প্রত্যেক কর্মকর্তাকে তাঁদের আইডিতে নাম পদবী ব্যবহারের পরামর্শ প্রদান করা হয়। তালা উপজেলার উন্নয়ন ত্বরান্বিত করতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার দপ্তরের প্রতিটি প্রকল্প সরেজমিন পরিদর্শন করত: বিল প্রদানের জন্য অনুরোধ করা হয়।

**০৬।** জনাব ঘোষ সনৎ কুমার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা মাসিক সভা তার সমাপনী বক্তব্যে বলেন, মিটিং এ সময় মত এবং সকলকে প্রতি মিটিং এ উপস্থিত থাকার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য গুরুত্বারোপ করেন। তিনি পুরাতন উপজেলা পরিষদ ভবন ভেঙ্গে নূতন ভবন নির্মাণের লক্ষে অচিরেই অফিস পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে কোন দপ্তর কোথায় স্থানান্তর করা হবে, সেটির একটি সংক্ষিপ্ত ফিকচার তৈরীর জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। যাতে অচিরেই সংশ্লিষ্ট দপ্তরগুলি পুর্নবাসন করা সম্ভব হয়। তিনি আরও বলেন, উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাপতিকে অবহিত করতে হবে। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে জানা গেল। পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সনৎ

ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তালা, সাতক্ষীরা

স্মারক নম্বর :০৫.৪৪.৮৭৯০.০০০.০০৬.০০১.২০২১-                                                    তারিখ : ২৭.০৭.২০২১

অনুলিপি  সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। জনাব এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫-সাতক্ষীরা-১ নির্বাচনী এলাকা (তালা- কলারোয়া )

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। বিভাগীয় কমিশনার, খুলনা

৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৭-৫০। জনাব---------------------------------------------- তালা, সাতক্ষীরা

**মোঃ তারিফ-উল-হাসান**
উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা